

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২১ শ্রাবণ ১৪১১/৫ আগস্ট ২০০৮

এস, আর, ও, নং ২৪০-আইন/২০০৮।—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর Sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র মন্ত্রণালয়ের বিগত ২১শে শ্রাবণ ১৪১০ বাৎ মোতাবেক ৫ই আগস্ট ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন নম্বর এস, আর, ও ২৪২-আইন/২০০৩ শ্রকম-৫/৪(৫)/২০০৩ দ্বারা বাংলাদেশ বিমান কর্পোরেশনের অধিনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু, বিগত ১৮ই মাঘ ১৪১০ বাৎ মোতাবেক ৩১শে জানুয়ারী ২০০৮ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও, ২১-আইন/২০০৮ দ্বারা উপরি-উক্ত কর্পোরেশনের অধিনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হইয়াছে, যাহার মেয়াদ আগামী ০৪-০৮-২০০৮ ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু, উপরি-উক্ত কর্পোরেশনের অধিনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান;

সেহেতু, সরকার, উক্ত Ordinance এর section 3 এর Sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিমান কর্পোরেশনের অধিনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance অদ্য ০৫-০৮-২০০৮ ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু জাফর

যুগ্ম-সচিব (শ্রম)।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৭৭১)

মূল্য : টাকা ১.০০